২৮৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
লাইব্রেরি শাখা
www.bnfe.gov.bd

স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.৩০৯.২২.০০৪.২১.৪ | তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৯ / ১৫ ডিসেম্বর ২০২২

বিষয়: তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে সচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ রিপন কবীর লস্কর
উপ-পরিচালক (বাস্তবায়ন, অর্থ ও লজি:) ও তথ্য অধিকার আইন (RTIA) ফোকাল পয়েন্ট
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।

স্থান : উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সভা কক্ষ।

তারিখ : ১৪ ডিসেম্বর, ২০২২খ্রি.

সময় : বেলা ১২:০০ ঘটিকা।

উপস্থিত কর্মকর্তাদের তালিকা : "পরিশিষ্ট-ক"।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে অংশীজনের অংশগ্রহণে সভার কাজ শুরু করেন। পরিচয় পর্বশেষে তিনি অংশীজনদের সাথে সভা করার উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা তুলে ধরেন। তিনি বলেন, আজকের যে সভা আয়োজন করা হয়েছে এটি একটি সরকারি বিশেষ আইনের বিধি বিধান সম্পর্কিত। আইনটি'র বিষয়ে আপনাদের ধারণা দেয়ার জন্য আজকের এ সভা। সভাটির বিষয়ে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র তথ্য প্রদানকারী কর্মকর্তা জনাব ফরিদা ইয়াসমিনকে বিস্তারিত আলোচনার জন্য তিনি আহবান জানান। অত:পর তথ্য প্রদানকারী কর্মকর্তা তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিষয়ে তথ্য কমিশন যে যে নির্দেশনা প্রদান করেছেন সে বিষয়গুলো তুলে ধরেন। তথ্য প্রদানকারী কর্মকর্তা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র স্বপ্রণোদিত তথ্যের তালিকা, তথ্য প্রদান করতে বাধ্য নয় এমন তালিকা এবং তথ্য পাওয়ার জন্য কিভাবে আবেদন করতে হবে সে বিষয়গুলো সভায় তুলে ধরেন।

সভায় সহকারীউপরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), উশিব্যু ডঃ মোছাঃ ফাহমিদা বেগম বলেন, বর্তমান সরকার অফিস পরিচালনার ক্ষেত্রে স্বচ্ছতা আনয়নের জন্য অনেক উদ্যোগ গ্রহণ করেছেন, যেমন APA, শুদ্ধাচার, ই-গভর্নেন্স, ইনোভেশন, তথ্য অধিকার আইন, ২০০৯ । এ সমস্ত কার্যক্রম গ্রহণ করে প্রত্যেকটি অফিসের কার্যক্রমকে জবাবদিহিতার আওতায় আনা হয়। বাৎসরিকভাবে এ সমস্ত কার্যক্রমকে মূল্যায়ন করা হয়। কাজেই এ সমস্ত কার্যক্রমের গুরুত্ব অনেক বেশি। সহকারী পরিচালক (বাস্তবায়ন), উশিব্যু জনাব মোঃ ওয়াহিদুজ্জামান আগত অংশীজনদের নিকট জানতে চান আপনারা অন্য কোন অফিসে সেবা নেয়ার জন্য যান কি না, গিয়ে থাকলে তথ্য জানার জন্য কার কাছে যাবেন এবং একটি অফিসে গিয়ে কি করবেন সে বিষয়ে অবহিত করেন।

সভায় সহকারী পরিচালক (পরিকল্পনা), উশিব্যু জনাব মোঃ দেলোয়ার হোসেন বলেন, তথ্য অধিকার আইনে সকল

প্রকাশযোগ্য তথ্য ওয়েব সাইটে দেয়া থাকে- আপনি আপনার প্রয়োজনীয় তথ্য ওয়েব সাইট থেকে নিতে পারেন, এতে আপনার সময় ও অর্থের শাশ্রয় হবে। স্টোর অফিসার, উশিব্যু জনাব মোঃ আব্দুল কাইয়ুম বলেন, এই তথ্য অধিকার আইন বিষয়ে আপনারা আগে জেনেছেন কিনা, জেনে না থাকলে তথ্য পাওয়ার নিয়মাবলী ভালভাবে জেনে নেন। আপনি আপনার বন্ধুবান্ধব, অফিস কলিগ এবং আত্মীয়-স্বজনকে বিষয়টি সম্পর্কে অবহিত করবেন। অংশগ্রহণকারীদের পক্ষ হতে বিভূতি ভূষণ রায়, জেলা প্রোগ্রাম ম্যানেজার, ব্রাক জানান তথ্য অধিকার বিষয়ে আইন হয়েছে সেটা জানতাম, কিন্তু এ সব তথ্য যে চাওয়া যাইবে না বা চাইলেই পাওয়া যাবে না তা জানা ছিল না। আজকের সভায় সেটি জেনে উপকৃত হলাম।
পরিশেষে সভাপতি যে কোন অফিসের ওয়েব সাইটে ডুকে সেবা নেওয়ার অনুরোধ জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫-১২-২০২২
মো: রিপন কবীর লস্কর
উপ-পরিচালক
ফোন: ৮৮০২-২২২২৯২৭৩৯

লাইব্রেরিয়ান
লাইব্রেরি শাখা
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.bnfe.gov.bd

**তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে সচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা:**

সভাপতি: জনাব মোঃ রিপন কবীর লস্কর, উপপরিচালক (বাস্তবায়ন, অর্থ ও লজি:)

স্থান: উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সভাকক্ষ।

তারিখ: ১৪ ডিসেম্বর, ২০২২ খ্রি., সময়: বেলা ১২.০০ ঘটিকা

| ক্রমিক নং | নাম, পদবী ও প্রতিষ্ঠান | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ জহুরুল হক<br>সহকারী পরিচালক (প্রশিক্ষণ), উশিব্যু | | [signature] ১৪/১২/২২ |
| ২. | জনাব মোঃ দেলোয়ার হোসেন<br>সহকারী পরিচালক (পরিকল্পনা), উশিব্যু | 01711301757 | [signature] ১৪/১২/২২ |
| ৩. | জনাব মোঃ ওয়াহিদুজ্জামান<br>সহকারী পরিচালক (বাস্তবায়ন), উশিব্যু | 01715405146 | [signature] |
| ৪. | জনাব মোঃ মাহবুব আলম<br>সহকারী পরিচালক (মনিটরিং), উশিব্যু | 01717636546 | [signature] ১৪.১২.2022 |
| ৫. | জনাব মহাঃ সাহারুজ্জামান<br>সহকারী পরিচালক, জেউশিব্যু, ঢাকা | | |
| ৬. | জনাব ফরিদা ইয়াসমিন<br>লাইব্রেরিয়ান ও তথ্য প্রদানকারী কর্মকর্তা, উশিব্যু | 01726543636 | [signature] ১৪/১২/০২২ |
| ৭. | জনাব মোঃ আব্দুল কাইয়ুম<br>স্টোর অফিসার, উশিব্যু | 01712222817 | [signature] ১৪/১২/২২ |
| ৮. | জনাব মোঃ গোলজার হোসেন<br>সহকারী প্রোগ্রামার, উশিব্যু | 01876175026 | [signature] ১৪/১২/২২ |
| ৯. | বিভূতি ভূষন রায়<br>UPM, BRAC | 01737-718680 | [signature] ১৪/১২/২০২২ |
| ১০. | রূপা ঘোষ<br>P.S, BRAC | 01764993158 | [signature] ১৪/১২/২২ |
| ১১. | তাসমিমা আক্তার-<br>শিক্ষিকা, BRAC | 01309989577 | তাসমিমা |

| ক্রমিক নং | নাম, পদবী ও প্রতিষ্ঠান | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১২. | সানজিদা ইসলাম<br>[illegible]; BRAC | 01312663651 | সানজিদা |
| ১৩. | জান্নাতুল নিশা<br>শিক্ষিকা, BRAC | 01533095991 | Jannat |
| ১৪. | সাজেদা বেগম<br>পি.এম.সি সদস্য; BRAC | 01554353542 | সাজেদা |
| ১৫. | | | |
| ১৬. | | | |
| ১৭. | | | |
| ১৮. | | | |
| ১৯. | | | |
| ২০. | | | |